রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ২০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ চৈত্র ১৪২৪/১১ এপ্রিল ২০১৮

**নং ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৮.২০৩**—"বীজ আইন-২০১৮" এর ধারা ৩(২) মোতাবেক নিম্নোক্ত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে জাতীয় বীজ বোর্ড গঠন করা হইল :

| ক্র: নং | সদস্য | পদবি |
|---|---|---|
| ১. | সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়; | চেয়ারম্যান |
| ২. | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন; | সদস্য |
| ৩. | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল; | সদস্য |
| ৪. | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী; | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ বিভাগের প্রতিনিধি; | সদস্য |
| ৬. | সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন; | সদস্য |
| ৭. | মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট; | সদস্য |
| ৮. | মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট; | সদস্য |
| ৯. | মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট; | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট; | সদস্য |
| ১১. | মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট; | সদস্য |
| ১২. | মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি; | সদস্য |
| ১৩. | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী; | সদস্য |
| ১৪. | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি; | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| ক্র:নং | সদস্য | পদবি |
|---|---|---|
| ১৫. | পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট; | সদস্য |
| ১৬. | পরিচালক, উদ্ভিদ সংঘবিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; | সদস্য |
| ১৭. | ড. মোঃ আবুল হোসেন,প্রফেসর, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়; | সদস্য |
| ১৮. | জনাব মোঃ নুরুজ্জামান,প্রাক্তন সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, বীজ বিশেষজ্ঞ; | সদস্য |
| ১৯. | কৃষিবিদ জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী, কোম্পানির প্রতিনিধি; | সদস্য |
| ২০. | জনাব আলহাজ্ব মোঃ মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি; | সদস্য |
| ২১. | জনাব তালুকদার মোঃ ইউনুস (এম.পি), বরিশাল-২, কৃষক প্রতিনিধি; | সদস্য |
| ২২. | ড. মোঃ নজমুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি; | সদস্য |
| ২৩. | ড. মোঃ খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি; | সদস্য |
| ২৪. | জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন; | সদস্য |
| ২৫. | মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়। | সচিব |

২। "বীজ আইন-২০১৮" এর উপ-ধারা (২) মোতাবেক ক্র: নং ১৭-২৪-এ উল্লিখিত মনোনীত সদস্যগণ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে বহাল থাকিবেন।

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার প্রয়োজনবোধে, যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কোনো মনোনীত সদস্যের মনোনয়ন বাতিল করিতে পারিবে।

৩। উপ-ধারা (২) এর ক্র: নং ১৭-২৪ এর অধীন মনোনীত সদস্যগণ যে কোনো সময় চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সদস্য পদ ত্যাগ করিতে পারিবেন।

৪। কোনো মনোনীত সদস্যের সদস্য পদ অবসান হইবে, যদি তিনি-

(ক) চেয়ারম্যানের অনুমতি ব্যতীত একাদিক্রমে বোর্ডের ৩(তিন)টি সভায় অনুপস্থিত থাকেন;

(খ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(গ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন বা উক্ত দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন; বা

(ঘ) নৈতিক স্খলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া থাকেন।

৫। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হইল এবং তা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশ্রাফ উদ্দিন আহমেদ**
অতিরিক্ত সচিব ও
মহাপরিচালক, বীজ অনুবিভাগ।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd